

## 💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুর রাসূল (ছাঃ) (ৠৄর আন্তর্নার ত্রাক্রার আল্বলাহ আল্বলাহ আল্বলাহ

## ৬. সশব্দে আমীন (آمين بالجهر)

জেহরী ছালাতে ইমামের সূরায়ে ফাতিহা পাঠ শেষে ইমাম-মুক্তাদী সকলে সরবে 'আমীন' বলবে। ইমামের আগে নয় বরং ইমামের 'আমীন' বলার সাথে সাথে মুক্তাদীর 'আমীন' বলা ভাল। তাতে ইমামের পিছে পিছে মুক্তাদীর সূরায়ে ফাতিহা পাঠ করা সম্ভব হয় এবং ইমাম, মুক্তাদী ও ফেরেশতাদের 'আমীন' সম্মিলিতভাবে হয়। যেমন এরশাদ হয়েছে,

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَمَّنَ الْإِمَامُ فَأَمِّنُوْا... وَفِي رِوَايَةٍ : إِذَا قَالَ الْإِمَامُ وَلَا الشَّالِيْنَ فَقُوْلُوْا آمِيْنَ، فَإِنَّ الْمَلآئِكَةَ تَقُوْلُ آمِيْنَ وَإِنَّ الْإِمَامَ يَقُوْلُ آمِيْنَ، فَمَنْ وَافَقَ تَأْمِيْنَهُ تَأْمِيْنَ الْمَلآئِكَةِ غَفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ رواه الجماعةُ وأحمدُ وفِيْ رِوَايَةٍ عنه: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا قَالَ أَحَدُكُمْ مَنْ ذَنْبِهِ رواه الجماعةُ وأحمدُ وفِيْ رِوَايَةٍ عنه: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا قَالَ أَحَدُكُمْ أَمِيْنَ وَقَالَتِ الْمُلآئِكَةُ فِي السَّمَاءِ آمِيْنَ، فَوَافَقَتْ إِحْدَاهُمَا الْأُخْرَى، غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ، رواه الشيخانُ ومالكُ وعن وَائِل بْنِ حُجْرٍ قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَرَأً غَيْرِ الْمَغْضَوْبِ عَلَيْهِمْ وَلاَ الضَّآلِيْنَ فَقَالَ آمِيْنَ، وَمَدَّ بِهَا صَوْتَهُ، رواه أبو داؤدَ والترمذيُّ وابنُ ماجه \_

কুতুবে সিত্তাহ সহ অন্যান্য হাদীছ গ্রন্থে বর্ণিত উপরোক্ত হাদীছগুলির সারকথা হ'ল এই যে, রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, যখন ইমাম 'আমীন' বলে কিংবা 'ওয়ালায্ যা-ল্লীন' পাঠ শেষ করে, তখন তোমরা সকলে 'আমীন' বল । কেননা যার 'আমীন' আসমানে ফেরেশতাদের 'আমীন'-এর সাথে মিলে যাবে, তার পূর্বেকার সকল গুনাহ মাফ করা হবে'। [70] ওয়ায়েল বিন হুজ্র (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ (ছাঃ)-কে 'গায়রিল মাগযূবে 'আলাইহিম ওয়ালায্ যা-ল্লীন' বলার পরে তাঁকে উচ্চৈঃস্বরে আমীন বলতে শুনলাম'। আবু হুরায়রা (রাঃ) থেকেও অনুরূপ বর্ণনা এসেছে। [71]

'আমীন' অর্থ : اَمِیْن 'হে আল্লাহ! তুমি কবুল কর'। 'আমীন' (آمِیْن) \_এর আলিফ -এর উপরে 'মাদ্দ' বা 'খাড়া যবর' দুটিই পড়া জায়েয আছে। [72] নাফে 'বলেন, ইবনু ওমর (রাঃ) কখনো 'আমীন' বলা ছাড়তেন না এবং তিনি এব্যাপারে সবাইকে উৎসাহ দিতেন'। আত্বা বলেন, আব্দুল্লাহ বিন যুবায়ের (রাঃ) সরবে 'আমীন' বলতেন। তাঁর সাথে মুক্তাদীদের 'আমীন'-এর আওয়াযে মসজিদ গুর্জারিত হয়ে উঠত' حَتَّى إِنَّ لِلْمَسْجِدِ) [73]

এক্ষণে যদি কোন ইমাম 'আমীন' না বলেন, কিংবা নীরবে বলেন, তবুও মুক্তাদী সরবে 'আমীন' বলবেন।[74] অনুরূপভাবে যদি কেউ জেহরী ছালাতে 'আমীন' বলার সময় জামা'আতে যোগদান করেন, তবে তিনি প্রথমে সরবে 'আমীন' বলে নিবেন ও পরে নীরবে সূরায়ে ফাতিহা পড়বেন। ইমাম ঐ সময় পরবর্তী ক্রিরাআত শুরু করা থেকে কিছু সময় বিরতি দিবেন। যাতে সূরা ফাতিহা ও পরবর্তী আমীন ও ক্রিরাআতের মধ্যে পার্থক্য বুঝা যায়। উল্লেখ্য যে, এ সময় মুক্তাদীর সূরা ফাতিহা পাঠ করা এবং সেই সময় পরিমাণ ইমামের চুপ থাকার কোন দলীল



নেই।[75] 'আমীন' শুনে কারু গোস্বা হওয়া উচিৎ নয়। কেননা রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেছেন,

عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: مَا حَسَدَتْكُمُ الْيَهُوْدُ عَلَى شَيْءٍ مَا حَسَدَتْكُمْ عَلَى السَّلاَمِ وَالتَّأْمِيْنِ، رواه أحمد وإبن ماجه والطبراني وفي رواية عنها بلفظ: مَا حَسَدَتْكُمُ الْيَهُوْدُ عَلَى شَيْءٍ مَا حَسَدَتْكُمْ عَلَى قَوْل آمِیْنَ ـ

'ইহুদীরা তোমাদের সবচেয়ে বেশী হিংসা করে তোমাদের 'সালাম' ও 'আমীন' -এর কারণে'। [76] কারণ এই সাথে ফেরেশতারাও 'আমীন' বলেন। ফলে তা আল্লাহর নিকট কবুল হয়ে যায়।

উল্লেখ্য যে, 'আমীন' বলার পক্ষে ১৭টি হাদীছ এসেছে।[77] যার মধ্যে 'আমীন' আন্তে বলার পক্ষে শো'বা থেকে একটি রেওয়ায়াত আহমাদ ও দারাকুৎনীতে এসেছে رَفَعَ نِهَا صَوْتَهُ خَفَضِ بِهَا صَوْتَهُ বলে। যার অর্থ 'আমীন' বলার সময় রাসূল (ছাঃ)-এর আওয়ায নিম্নস্বরে হ'ত'। একই রেওয়ায়াত সুফিয়ান ছাওরী থেকে এসেছে رَفَعَ بِهَا صَوْتَهُ مَوْتَهُ مَوْتَهُ وَقَالَ 'অ্যায় নিম্নস্বরে হ'ত'। হাদীছ বিশারদ পন্ডিতগণের নিকটে শো'বা থেকে বর্ণিত নিম্নস্বরে 'আমীন' বলার হাদীছটি 'মুযত্বারিব' (مضطرب) অর্থাৎ যার সনদ ও মতনে নাম ও শব্দগত ভুল থাকার কারণে 'ঘঈফ'। পক্ষান্তরে সুফিয়ান ছওরী (রাঃ) বর্ণিত সরবে আমীন বলার হাদীছটি এসব ক্রটি থেকে মুক্ত হওয়ার কারণে 'ছহীহ'।[78] অতএব বুখারী ও মুসলিম সহ বিভিন্ন ছহীহ হাদীছে বর্ণিত জেহরী ছালাতে সশব্দে 'আমীন' বলার বিশুদ্ধ সুন্নাতের উপরে আমল করাই নিরপেক্ষ মুমিনের কর্তব্য। তাছাড়া ইমামের সশব্দে সূরায়ে ফাতিহা পাঠ শেষে 'ছিরাতুল মুস্তাকীম'-এর হেদায়াত প্রার্থনার সাথে মুক্তাদীগণের নীরবে সমর্থন দান কিছুটা বিসদৃশ বৈ-কি!

## ফুটনোট

- [70] . মুত্তাফাৰু 'আলাইহ, মিশকাত হা/৮২৫, 'ছালাতে ক্রিরাআত' অনুচ্ছেদ-১২; মুওয়াত্ত্বা (মুলতান, পাকিস্তান ১৪০৭/১৯৮৬) হা/৪৬ 'ছালাত' অধ্যায়, পৃঃ ৫২।
- [71] . দারাকুৎনী হা/১২৫৩-৫৫, ৫৭, ৫৯; আবুদাউদ, তিরমিযী, দারেমী, মিশকাত হা/৮৪৫।
- [72] . মুনযেরী, ছহীহ আত-তারগীব হা/৫১১, হাশিয়া আলবানী, ১/২৭৮ পৃঃ।
- [73] . বুখারী তা'লীক ১/১০৭ পৃঃ, হা/৭৮০; ফাৎহুল বারী হা/৭৮০-৮১ 'সশব্দে আমীন বলা' অনুচ্ছেদ-১১১।
- [74] . ছহীহ ইবনু খুযায়মা হা/৫৭৫, অনুচ্ছেদ-১৩৯।
- [75] . তিরমিয়ী, আবুদাউদ প্রভৃতি; মিশকাত হা/৮১৮ -এর টীকা-আলবানী, 'তাকবীরের পর যা পড়তে হয়' অনুচ্ছেদ-১১; দ্রঃ মাসিক আত-তাহরীক, রাজশাহী ৭ম বর্ষ ১০ম সংখ্যা, জুলাই ২০০৪, প্রশ্নোত্তর: ৪০/৪০০, পৃঃ ৫৫-৫৬ ।



- [76] . আহমাদ, ইবনু মাজাহ হা/৮৫৬; ছহীহ আত-তারগীব হা/৫১২।
- [77] . আর-রাওযাতুন নাদিইয়াহ ১/২৭১।
- [78] . দারাকুৎনী হা/১২৫৬-এর ভাষ্য, আর-রাওযাতুন নাদিইয়াহ ১/২৭২; নায়লুল আওত্বার ৩/৭৫।
- Source https://www.hadithbd.com/books/link/?id=9203

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন